

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বেসরকারী স্বাস্থ্য ব্যবস্থা পনা-০২ শাখা

নং-৪৫.১৬২.১১৬.০০.০০.০২৭.২০১৮-৪৫০


তারিখ: ১৫ ডিসেম্বর, ১৪২৫ বঙ্গাব্দ
৩০ আগস্ট, ২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয়: দেশের বেসরকারি হাসপাতাল/ক্লিনিকে বিদেশি বিশেষজ্ঞ চিকিৎসক/ বিশেষায়িত নার্সি আগমন ও নিয়োগ সংক্রান্ত
নীতিমালা-২০১৮ অনুসরণ সংক্রান্ত।

সূত্র: ৪৫.১৬২.১১৬.০০.০০.০২৭.১৮.৪২৫, তারিখ: ০৭-০৮-২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারক পত্রের মাধ্যমে দেশের বেসরকারি হাসপাতাল/ক্লিনিকে বিদেশি বিশেষজ্ঞ চিকিৎসক/ বিশেষায়িত নার্সের আগমন ও নিয়োগ সংক্রান্ত নীতিমালা-২০১৮ ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে। উক্ত নীতিমালার আলোকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বিএমডিসি/বিএনএমসি'র অস্থায়ী নিবন্ধন প্রাপ্তির পর মন্ত্রণালয়ের অনুমতির জন্য আবেদন করতে হবে। কিন্তু দেখা যাচ্ছে যে, প্রতিষ্ঠানগুলো পূর্বের ন্যায় মন্ত্রণালয়ে সরাসরি আবেদন দাখিল করছেন। এর ফলে কাজের গতিশীলতা নষ্ট হচ্ছে।

০২। এমতাবস্থায়, দেশের বেসরকারি হাসপাতাল/ক্লিনিকে বিদেশি বিশেষজ্ঞ চিকিৎসক/ বিশেষায়িত নার্সের আগমন/নিয়োগ সংক্রান্ত সংশোধিত নীতিমালা, ২০১৮ অনুযায়ী বিএমডিসি/বিএনএমসি'র অস্থায়ী নিবন্ধন প্রাপ্তির পর মন্ত্রণালয়ের অনুমতির নিমিত্ত আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ মুস্তাফিজুর রহমান)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৯৪৪

প্রতিষ্ঠান প্রধান

.....
.....

অনুলিপি:

- ✓ ১। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
১। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। মুখ্যসচিব (বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।